**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

## Rojgar Mela :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বলেছেন যে, রোজগার মেলা যুবসমাজের ক্ষমতায়ন এবং তাদের বিকশিত ভারত গঠনে অনুঘটক হিসেবে গড়ে তোলার সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত করে। তিনি বলেন, গতকাল বিশ্ব স্বীকার করে যে ভারতের দুটি অসীম শক্তি রয়েছে, একটি হলো জনসংখ্যা এবং অন্যটি গণতন্ত্র। গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তরে নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীকে নিয়োগপত্র বিতরণ করে, ষোড়শ রোজগার মেলায় প্রধানমন্ত্রী একথা বলেন।

নতুন নিয়োগপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে শ্রী মোদী বলেন, সরকারের রোজগার মেলা উদ্যোগের মাধ্যমে লক্ষ লক্ষ যুবক ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের স্থায়ী চাকরি পেয়েছেন। তিনি আরও বলেন যে, এই তরুণরা এখন জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

#######Byte-PM######

শ্রী মোদী দেশে স্টার্টআপ, উদ্ভাবন এবং গবেষণার ক্রমবর্ধমান বাস্তুতন্ত্রের উপর জোর দিয়ে বলেন, এটি দেশের যুবসমাজের সক্ষমতা বৃদ্ধি করছে। বেসরকারি ক্ষেত্রে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরিতে সরকারের মনোযোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে সরকার সম্প্রতি একটি নতুন প্রকল্প, কর্মসংস্থান-সংযুক্ত প্রণোদনা প্রকল্প অনুমোদন করেছে। তিনি বলেন যে, এই উদ্যোগের জন্য সরকার প্রায় ১ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে এবং এই প্রকল্পটি প্রায় তিন কোটি কর্মসংস্থান তৈরিতে সহায়তা করবে।

*******************

**Pineapple Festival :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, ২০১৮-১৯ অর্থবর্ষ থেকে ২০২৪-২৫ অর্থবর্ষ পর্যন্ত দুবাই, কাতার ও ওমানে ৭৩ দশমিক এক পাঁচ মেট্রিকটন আনারস রপ্তানি করা হয়েছে। কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে গতকাল  আনারস উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন| তিনি বলেন, রাজ্যে বর্তমানে ৩ লক্ষ ৬৫ কানিতে ফল চাষ হয়। তার মধ্যে কিউ ভ্যারাইটির আনারস উৎপাদন হয় ৫৩ হাজার ৭০০ কানিতে ও ক্যুইন ভ্যারাইটির আনারস উৎপাদন হয় ২২ হাজার কানিতে। এই উৎসবের উদ্দেশ্য হল আনারসের প্রসার জনপ্রিয় করা। ভূমি সংরক্ষণ ও উদ্যান পালন দপ্তরের উদ্যোগে এবং ইয়ং ডার্লিং এসোসিয়েশনের সহযোগিতায় আয়োজিত এই উৎসব৷

******************

**51 Shakti Peeth  C.M..     .**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ  উদয়পুর শহরের অদুরে বনদুয়ারের ৫১ শক্তিপীঠের অনুকরনে শক্তিপীঠ পার্কের শিলন্যাস করবেন।  কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের আর্থিক সহায়তায়,এই দ্রষ্টব্য গড়ে তোলা হবে। যেখানে ৫১ টি শক্তিপীঠের নমুনা  উপস্থাপিত করা হবে।     রাজ্য পর্যটন নিগম   থেকে জানা যায় এই পার্ক নির্মানে  খরচ হবে ৯৭ কোটি টাকারও বেশি।  শিলান্যাস অনুষ্ঠানে অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়,  পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীও উপস্থিত থাকবেন।   ,

*****************

**Defence Minister.**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, অপারেশন সিন্দুরে ভারতীয় মহিলা সৈনিক ও পাইলটদের গুরুত্বপূর্ণ ভূমিকার ভুয়সী প্রশংসা করেছেন। গতকাল উত্তর প্রদেশের লখনউয়ের চৌকে বড় কালী জি মন্দির প্রাঙ্গনে নতুন ব্লকের উদ্বোধন করেন। প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন, মহিলাদের অংশগ্রহণে ভারতীয় বাহিনী পাকিস্তানে নয়টি সন্ত্রাসী ক্যাম্প ধ্বংস করতে সক্ষম হয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রী উল্লেখ করেন যে এই বছর কারগিল যুদ্ধের ২৬ তম বার্ষিকী উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে, আমাদের মাতৃ ভূমির জন্য সর্বোচ্চ আত্মত্যাগকারী সমস্ত সাহসী সৈনিকদের , বিশেষ করে ক্যাপ্টেন মনোজ পান্ডেকে স্মরণ করা উচিত। তিনি বলেন, ভারতীয় সেনাবাহিনীর যে রেজিমেন্টে ক্যাপ্টেন মনোজ পান্ডে নিয়োজিত ছিলেন, তার নাম গুরখা রাইফেলস। তিনি বলেন, সেই রেজিমেন্টের স্লোগান হল 'জয় মহাকালী, আয়ো গুরখালি' কারণ মহাকালী দেশের সাহসের উৎস।

*******************

**CJI-GAVAI:**

ভারতের প্রধান বিচারপতি ভূষণ রামকৃষ্ণ গাভাই বলেছেন, ভারতীয় আইনি ব্যবস্থা অনন্য সমস্যার মুখোমুখি হচ্ছে এবং এর আসু সমাধান প্রয়োজন। গতকাল হায়দ্রাবাদে নালসার আইন বিশ্ববিদ্যালয়ের ২২তম বার্ষিক সমাবর্তনে প্রধান বিচারপতি গাভাই একথা বলেছেন। দেশের আইনি ব্যবস্থার আসু সমাধান জরুরি হলেও দেশবাসী এই সমস্যা থেকে বেরিয়ে আসতে পারবেন বলেও তিনি আশা ব্যক্ত করেন।

******************

**Assam Rifles** :

ছাত্রছাত্রীদের ভারতীয় সশস্ত্র বাহিনীর  সম্পর্কে সচেতনতা তৈরীর উদ্যোগ নিয়েছে আসাম রাইফেলস। কুমারঘাট হলিক্রশ স্কুলের ১১৫ জন ছাত্রছাত্রীকে গতকাল রাধানগরে আসাম রাইফেল বাহিনীর জওয়ানদের শিষ্টাচার , রীতিনীতি ও মূল্যবোধ সম্পর্কে অবহিত করা হয়। আসাম রাইফেলস এক বিবৃতিতে জানিয়েছে,   আসাম রাইফেলস কোম্পানি কমান্ডারের সাথে একটি দিন" শীর্ষক অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের অস্ত্রশস্ত্র পর্যবেক্ষণ করার সুযোগ করে দেওয়া হয়।

*****************

**রাখাল শিল্ড:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় টাউন ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় টাউন ক্লাব ২-0 গোলে জুয়েলস এসোসিয়েশনকে হারিয়ে দেয়।

**************

**Weather.**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাত হবে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।  আজ সকাল পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১ মিলিমিটার।

******************

************